# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন

বিআইডব্লিউটিসি

নৌপরিবহন মন্ত্রণালয়

ফেয়ারলি হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, শাহবাগ, ঢাকা-১০০০।

web: www.biwtc.gov.bd

## সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি

সংস্থার ঢাকাস্থ বাদামতলীঘাটে অবস্থিত অফিস-কাম-বাণিজ্যিক ভবনের ২য় তলার সম্পূর্ণ অংশ (৩০,৪৮২ বর্গফুট) এবং ৩য় তলার সম্পূর্ণ অংশ (৩০,৮০৭.৪৬ বর্গফুট) ও ৪র্থ তলার ০২(দুই)টি ব্লক (১৬,০৫৮ বর্গফুট) অফিস/ব্যাংক/বিমা/অর্থলগ্নি প্রতিষ্ঠান/ব্যক্তি/বেসরকারি প্রতিষ্ঠানের নিকট হতে ০৫(পাঁচ) বছর মেয়াদী মাস ভিত্তিক ভাড়া প্রদানের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | স্পেস এর অবস্থান | স্পেস এর পরিমাণ বর্গফুট (কম/বেশি) | আর্নেস্টমানির পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১. | সংস্থার ঢাকাস্থ বাদামতলীঘাটে অবস্থিত অফিস-কাম-বাণিজ্যিক ভবনের ২য় তলার সম্পূর্ণ অংশ এবং ৩য় তলার সম্পূর্ণ অংশ ও ৪র্থ তলার ০২(দুই)টি ব্লক। | (ক) ২য় তলার সম্পূর্ণ অংশ (৩০,৪৮২ বর্গফুট)।<br>(খ) ৩য় তলার সম্পূর্ণ অংশ (৩০,৮০৭.৪৬ বর্গফুট) ও<br>(গ) ৪র্থ তলার ০২(দুই)টি ব্লক (১৬,০৫৮ বর্গফুট)। | প্রস্তাবিত ভাড়ার ০২ (দুই) মাসের সমপরিমাণ। |

দরপত্রের সাথে প্রস্তাবিত ভাড়ার ০২ (দুই) মাসের সমপরিমাণ আর্নেস্টমানি যেকোনো তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে বিআইডব্লিউটিসি'র অনুকূলে জমা দিতে হবে। আর্নেস্টমানি ব্যতিরেকে কোনো দরপত্র গ্রহণ করা হবে না। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান ভাড়ার শর্তাবলী সম্বলিত টেন্ডার সিডিউল আগামী ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিআইডব্লিউটিসি'র প্রধান কার্যালয়ের হিসাব বিভাগের ক্যাশ শাখা, বিআইডব্লিউটিসি'র বাদামতলীঘাটস্থ অফিসের হিসাব শাখা, বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকা হতে সংগ্রহ করতে পারবেন। আগামী ০১/১০/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত বিআইডব্লিউটিসি'র প্রধান কার্যালয়ের প্রশাসন বিভাগের এস্টেট শাখা, বিআইডব্লিউটিসি'র বাদামতলীঘাটস্থ অফিসের হিসাব শাখা, বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই তারিখ বেলা ২:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ বিআইডব্লিউটিসি'র প্রধান কার্যালয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তরে খোলা হবে। বিআইডব্লিউটিসি কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য, দরদাতাগণকে পৃথক পৃথক স্পেসের জন্য পৃথক সিডিউল ক্রয় করতে হবে। প্রতিটি সিডিউলের মূল্য হবে নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

১৩.০৯.২০২৬

(জেসমিন আরা বেগম)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বিআইডব্লিউটিসি, ঢাকা।

GD-2190